

গনিত বিভাগে 'কারিকুলাম ডিজাইন এবং ডেভেলোপমেন্ট' শীর্ষক সেমিনার



১২ ডিসেম্বর, ২০১৮-বুধবার দুপুর ১.৩০ ঘটিকায় SA কমিটি, গনিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত 'কারিকুলাম ডিজাইন এবং ডেভেলোপমেন্ট' শীর্ষক সেমিনার বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

SA কমিটি, গনিত বিভাগ এর প্রধান ও বিজ্ঞান অনুষদের ডিন ড. পেয়ার আহমেদ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. কামরুল আলম খান এবং বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল। এছাড়াও সেমিনারে বিভিন্ন শিক্ষক-শিক্ষিকাবৃন্দ অংশগ্রহণ করেন।